

ফাইল নং
২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-৫ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা।

পত্র সংখ্যা-০৯.৩১৫.০২৪.০৪.০৮.১৮১.২০১৫-৩১০

তারিখঃ ২৬/১১/২০১৫ খ্রিঃ

ইকনমিক কাউন্সেলর পদে নিয়োগ বিজ্ঞপ্তি


চীনের বেইজিংস্থ বাংলাদেশ দূতাবাসে ইকনমিক কাউন্সেলর পদে একজন কর্মকর্তা নিয়োগের জন্য সংযুক্ত “আবেদন ফরম” অনুযায়ী যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণের নিকট হতে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে ০১ (এক) কপি সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবিসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও ইকনমিক উইং	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
১।	ইকনমিক কাউন্সেলর বাংলাদেশ দূতাবাস, বেইজিং, চীন	০১ টি	উপ-সচিব বা সম পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা	বৈদেশিক সম্পদ আহরণ, উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে চীন সরকারের সঙ্গে যোগাযোগ রক্ষা।

২। **নিম্নবর্ণিত কারণে যে কোন প্রার্থী অযোগ্য বিবেচিত হবেনঃ**

- (ক) যে সকল কর্মকর্তার সরকারি চাকরির মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখে ০৪ (চার) বছরের কম রয়েছে;
- (খ) যে সকল কর্মকর্তা ইতোপূর্বে বিদেশে বাংলাদেশ মিশনে একবার চাকরি করেছেন, কিন্তু চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের পর ০৩ (তিন) বছর অতিক্রান্ত হয়নি। এছাড়া, বিদেশে বাংলাদেশ মিশনে সম পদমর্যাদার পদে যারা চাকরি করেছেন, তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না;
- (গ) ০১ জানুয়ারি ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান-সংখ্যা ০২ (দুই) এর অধিক;
- (ঘ) নির্ধারিত সময়ের পর অথবা সরাসরি আবেদন পত্র প্রেরণ করা হলে।

৩। আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র আগামী ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব (দৃঃ আঃ অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর নিকট পৌঁছানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।


(সেখ আব্দুস সাত্তার)
সহকারী সচিব
ফোনঃ ৯১১২১১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তীর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং তীর মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, বেইজিং, চীন।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল),।
- ৬। মুগ্ম-সচিব/মুগ্ম-প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৭। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯। সিস্টেমস্ এনালিস্ট, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সংশ্লিষ্ট নথি।

“আবেদন ফর্ম”

- ১। নাম ও পরিচিতি নং (যদি থাকে) :
- ২। বর্তমান আবাসিক ঠিকানা :
- ৩। স্থায়ী ঠিকানা :
- ৪। জন্ম তারিখ :
- ৫। পদবি এবং বর্তমান কর্মস্থল :
- ৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :
- ৭। বর্তমান বেতন স্কেল :
- ৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখ :
- ৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকরির সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত) :
- ১০। ইতঃপূর্বে যে সকল মন্ত্রণালয়ে কাজ করেছেন তার মেয়াদ (তারিখ উল্লেখপূর্বক বিবরণ) :
- ১১। বিগত ৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন সেগুলির নাম এবং কর্মস্থলের পূর্ণ ঠিকানা :
- ১২। শিক্ষাগত যোগ্যতা : অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখপূর্বক এস.এস.সি হতে স্নাতকোত্তর পর্যন্ত (প্রতিটি সনদের সত্যায়িত কপি দরখাস্তের সঙ্গে সংযোজন করতে হবে)। :
- ১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ :

প্রশিক্ষণ	প্রশিক্ষণের স্থান (ইনসটিটিউশনের নামসহ)	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের বিষয়
(ক) স্থানীয়			
(খ) বিদেশী			

- ১৪। বাংলা ও ইংরেজি ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা সংযোজন করতে হবে)। :
- ১৫। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে) :
- ১৬। বিবাহিত/অবিবাহিত :
- ১৭। সন্তান-সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে) :
- ১৮। প্রার্থিত পদের নাম ও ইকনমিক উইং-এর নাম :
- ১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) :
(পৃথক কাগজে আবেদনকারীর স্বাক্ষরসহ অতিরিক্ত তথ্য সংযোজন করা যাবে) :

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ :
ফোন নম্বর
অফিস :
বাসা :
মোবাইল :
ই-মেইল :